

AKASHVANI (Kolkata)
Regional News Unit

Date : 04.03.2025

Desk in Charge : SDG

Time : 7.35 AM

Compiling & NR: NBR

DEO : KB

Opening Announcement :- আকাশবাণী, খবর পড়ছিঃ-

বিশেষ বিশেষ খবরঃ-

১/ কেন্দ্র, ২০২৪- ২৫ আর্থিক বছরে পশ্চিমবঙ্গে পঞ্চায়েতের মতো গ্রামীণ সংস্থাগুলির জন্যে পঞ্চদশ অর্থ কমিশনের ৬৯৯ কোটি টাকা দিয়েছে।

২/ রাজ্যে শিল্প বিনিয়োগ সংক্রান্ত ক্ষেত্রে প্রশাসনিক টালবাহানা চলবে না বলে মুখ্যমন্ত্রী জানিয়েছেন। # সিনার্জি লেভেল কমিটির বৈঠকে তিনি সমন্বয় বৃদ্ধির উদ্দেশ্যে একটি পোর্টালের উদ্বোধন করেন।

৩/ চুক্তি শেষ হবার আগে ভারতের সঙ্গে গঙ্গার জল বন্টন নিয়ে আলোচনার লক্ষ্যে JRCB-র সদস্যরা আজ ফারাক্কায় গঙ্গা নদী সংলগ্ন এলাকা পরিদর্শন করবেন।

৪/ যাদবপুরের অশান্তির ঘটনার প্রতিবাদে গতকাল SFI-এর ডাকা ছাত্র ধর্মঘটে বিক্ষিপ্ত অশান্তির খবর পাওয়া গেছে।

যাদবপুর বিশ্ববিদ্যালয়ের অশান্তির ঘটনা নিয়ে কলকাতা হাইকোর্টে মামলা করার জন্য গতকাল দৃষ্টি আকর্ষণ করেন কয়েক জন।

৫/ ট্যাংরা কাণ্ডে পুলিশ গত সন্ধ্যায় দে পরিবারের ছোট ছেলে প্রসূন-কে গ্রেফতার করেছে।

কেন্দ্র, ২০২৪- ২৫ আর্থিক বছরে পশ্চিমবঙ্গে পঞ্চায়েতের মতো গ্রামীণ সংস্থাগুলির জন্যে পঞ্চদশ অর্থ কমিশনের ৬৯৯ কোটি টাকা দিয়েছে।

এর মধ্যে রয়েছে, কোনরকম শর্ত ছাড়াই অনুদানের দ্বিতীয় কিস্তির ৬৯৪ কোটি টাকা এবং প্রথম কিস্তির বকেয়া প্রায় ৫ কোটি টাকা। ২১ টি জেলা পঞ্চায়েত, ৩২৬ টি ব্লক পঞ্চায়েত ও ৩ হাজার ২২০ টি গ্রাম পঞ্চায়েতের জন্যে এই অর্থ কাজে লাগানো হবে। পঞ্চায়েতি রাজ মন্ত্রকের পক্ষ থেকে জানানো হয়েছে, নির্দিষ্ট জায়গায় চাহিদা অনুযায়ী, বরাদ্দের এই টাকা কাজে লাগানো হবে। তবে এর মধ্যে বেতন বা প্রাতিষ্ঠানিক খরচ পড়বে না।

এদিকে শর্ত সাপেক্ষে বরাদ্দের ক্ষেত্রে পরিচ্ছন্নতা, নিকাশি এবং প্রকাশ্যে মলত্যাগ বন্ধ বা ODF-এর মতো কাজে লাগানো যাবে এই টাকা।

মন্ত্রক আরও জানিয়েছে, পঞ্চদশ অর্থ কমিশনের অনুদান, অর্থ মন্ত্রকের সুপারিশের ভিত্তিতেই। এই আর্থিক সাহায্য, গ্রামীণ প্রশাসনিক কাজ আরও উন্নত করা এবং গ্রামগুলিকে স্বনির্ভর করে তোলার ক্ষেত্রে সহায়ক হবে বলে আশা করা হচ্ছে।

রাজ্যে শিল্প বিনিয়োগ সংক্রান্ত বিষয় প্রশাসনিক টালবাহানা বরদাস্ত করা হবে না বলে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি স্পষ্ট জানিয়ে দিয়েছেন। গতমাসে বিশ্ববঙ্গ বাণিজ্য সম্মেলনের পর গতকাল প্রথম নবান্ন সভাঘরে শিল্প সংক্রান্ত সমন্বয় কমিটির বৈঠকে মুখ্যমন্ত্রী স্পষ্ট জানান, শিল্পের অনুমোদন দেওয়ার জন্যে কোনও কাজ ফেলে রাখা যাবে না। কেউ যদি এই কাজে অবহেলা করেন বা নির্দিষ্ট সময়ের মধ্যে ওই কাজ না করেন তাহলে তাঁর বিরুদ্ধে কড়া ব্যবস্থা নেওয়া হবে। মানুষের কল্যাণে সরকারের গৃহীত প্রকল্পের জন্যে কোনও টাকা নেওয়া যাবে না বলেও স্পষ্ট জানিয়ে দেন তিনি।

(বাইট- মমতা ব্রাইব)

কলকাতার লেদার কমপ্লেক্স সহ বিভিন্ন ক্ষেত্রে মিউটেশন দেওয়ার জন্যে নির্ধারিত সময়েই কাজ করতে হবে বলে তিনি জানান। এই কাজ করার জন্যে অনেক জায়গায় টাকার লেনদেন হচ্ছে বলেও অভিযোগ করেন মুখ্যমন্ত্রী। এই ধরনের লেনদেন বন্ধ করার দিকেও জোর দেন তিনি। মুখ্যমন্ত্রী বলেন এখন রাজ্যে অনেক শিল্পপতি

বিনিয়োগ করার জন্য আগ্রহ প্রকাশ করেছেন। রাজ্য জুড়েই বিভিন্ন জেলায় এই শিল্প স্থাপন এবং বিনিয়োগের কাজ চলছে। এর ফলে পুরুলিয়ার রঘুনাথপুর, বীরভূমের দেউচা পাচামি প্রকল্প সহ বিভিন্ন বিভিন্ন ক্ষেত্রে অনেক কর্মসংস্থান হবে। শিল্পে বিনিয়োগের ক্ষেত্রে বিভিন্ন দফতরের মধ্যে সমন্বয় বৃদ্ধির উদ্দেশ্যে রাজ্য স্তরের শিল্প সমন্বয় কমিটির পোর্টালেরও উদ্বোধন করেন মুখ্যমন্ত্রী।

(বাইট-মমতা সিনার্জি)

বাংলা নববর্ষের সন্ধ্যায় কালীঘাট স্কাইওয়াকের উদ্বোধন করবেন মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি। নবান্ন সভাঘরে গতকাল স্টেট লেভেল ইনভেস্টমেন্ট সিনার্জি কমিটির প্রথম বৈঠকে, একথা জানিয়ে মুখ্যমন্ত্রী বলেন, ১৪ এপ্রিল সন্ধ্যা ৭টায় এই স্কাই ওয়াকের উদ্বোধন হবে।

প্রসঙ্গত, কালীঘাট মন্দির সংস্কারের কাজ আগেই শেষ হয়ে গিয়েছিল। স্কাই ওয়াকের কাজ চলছিল। সেই কাজও সম্পন্ন হয়েছে। সাজানো হয়েছে আলো দিয়ে। স্কাই ওয়াকের একটি দিক কালীঘাট মন্দির থেকে শ্যামাপ্রসাদ মুখার্জি রোডের দিকে নামছে। ওপর দিক কালীঘাট থানার পাশ দিয়ে গুরুপদ হালদার রোডের দিকে নেমেছে। পুণ্যার্থীরা শ্যামাপ্রসাদ মুখার্জি রোডের দিক থেকে লিফটে করে স্কাইওয়াকে উঠে, হেঁটে সোজা কালীঘাট মন্দিরের কাছে লিফটে নামতে পারবেন। স্কাইওয়াকের দু'দিকে লিফট বসানোর কাজও শেষ।

ভারতের নির্বাচন কমিশন, আজ সব রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলগুলির মুখ্য নির্বাচনী আধিকারিকদের নিয়ে নতুন দিল্লীর 'ইন্ডিয়া ইন্টারন্যাশনাল ইনস্টিটিউট অফ ডেমোক্রেসি অ্যান্ড ইলেকশন ম্যানেজমেন্টে' দুদিনের এক সম্মেলনের আয়োজন করেছে।

জ্ঞানেশ কুমার মুখ্য নির্বাচন কমিশনার হিসেবে দায়িত্ব গ্রহণের পর এই প্রথম এ ধরনের কোনো সম্মেলনের আয়োজন করা হচ্ছে। দু দিনের এই সম্মেলনে সব রাজ্য

ও কেন্দ্রশাসিত অঞ্চলের নির্বাচনী আধিকারিকরা পারস্পরিক মত বিনিময়ের মধ্যে দিয়ে নিজেদের অভিজ্ঞতা ভাগ করে নেবেন। সম্মেলনে তথ্য প্রযুক্তির ব্যবহার, কার্যকর যোগাযোগ, সামাজিক মাধ্যমের প্রসার এবং ভোট প্রক্রিয়ায় বিভিন্ন সংস্থার বিধিবদ্ধ ভূমিকা সহ আধুনিক নির্বাচনী ব্যবস্থাপনা নিয়ে আলোচনা হবে।

গঙ্গা জল বন্টনের ৩০ বছরের মেয়াদের চুক্তি শেষ হবার আগেই ভারতের সঙ্গে গঙ্গা জল বন্টন নিয়ে আলোচনার লক্ষ্যে আজ JRCB সদস্য মোহাম্মদ আবুল হোসেনের নেতৃত্বে বাংলাদেশের ৭ সদস্যের কারিগরী দল ফারাক্কায় গঙ্গা নদী সন্নিহিত এলাকা পরিদর্শনের পাশাপাশি সেখানে গঙ্গা নদীতে জল স্তর, জলের প্রবাহ সংক্রান্ত পরিসংখ্যান খতিয়ে দেখবেন। ভারত-বাংলাদেশ যৌথ নদী কমিশনের বৈঠকে যোগ দিতে এই প্রতিনিধি দল গতকাল কলকাতা হয়ে ফারাক্কা পৌঁছেন। পাঁচ দিনের সফরে আগামীকাল তারা ফারাক্কা শিবেন থেকে কলকাতায় ফিরবেন। আগামী বৃহস্পতি ও শুক্রবার কলকাতায় অনুষ্ঠিত হবে দু'দেশের গুরুত্বপূর্ণ বৈঠক।

উল্লেখ্য, ১৯৯৬ সালে দুই দেশের মধ্যে সম্পাদিত চুক্তির ফলে বাংলাদেশ, এক তৃতীয়াংশ (৩৮%) গঙ্গার জলের উপর নির্ভরশীল। মূলত বাংলাদেশের দক্ষিণ-পশ্চিমাঞ্চলে এই জলের যথেষ্ট গুরুত্ব রয়েছে। বাংলাদেশ ও ভারতের মধ্যে প্রবাহিত গঙ্গার জলবন্টন নিয়ে ১৯৯৬ সালের ১২ই ডিসেম্বর ওই চুক্তি স্বাক্ষর করেছিলেন ভারত ও বাংলাদেশের দুই তৎকালীন প্রধানমন্ত্রী HD দেবগৌড়া ও শেখ হাসিনা।

৩০ বছরের চুক্তির মেয়াদ আগামী বছর অর্থাৎ ২০২৬ সালে শেষ হওয়ার কথা।

আকাশবাণী কলকাতার সংবাদ বিভাগে ক্যাজুয়াল ভিত্তিক নিয়োগ পরীক্ষার চূড়ান্ত ফলাফল প্রকাশিত। আকাশবাণীর সোশ্যাল মিডিয়াতে তা পাওয়া যাবে।
দফতরের রিসেপশন এবং নিউজ রুমের নোটিশ বোর্ডে তালিকা টাঙানো রয়েছে।

যাদবপুরের অশান্তির ঘটনার প্রতিবাদে গতকাল SFI-এর ডাকা ছাত্র ধর্মঘটে বিক্ষিপ্ত অশান্তির খবর পাওয়া গেলেও, সন্ধ্যা গড়াতেই নতুন করে উত্তেজনা ছড়ায় বিশ্ব বিদ্যালয়ে ক্যাম্পাসে। ABVP সমর্থকরা মিছিল করে চার নম্বর গেটের সামনে পৌঁছলে, SFI সমর্থকদের সঙ্গে ধস্তাধস্তি বেঁধে যায়। ABVP-র পক্ষ থেকে SFI-এর পোস্টার ছিঁড়ে দেবার অভিযোগ ওঠে। ক্রমে তা' হাতাহাতিতে গড়ায়। ABVP-র সমর্থকরা জোর করে বিশ্ববিদ্যালয়ে প্রবেশের চেষ্টা করেন। অন্যদিকে SFIও তাদের পাল্টা বাধা দেয়। পুলিশ গিয়ে পরিস্থিতি সামাল দেয়। এই ঘটনায় বেশ কয়েকজনকে আটক করা হয়েছে বলে খবর।

এদিকে, বিশ্ব বিদ্যালয়ে অপ্রীতিকর পরিস্থিতির প্রেক্ষিতে সেখানে কেন্দ্রীয় বাহিনী মোতায়েনের পক্ষে সওয়াল করেছেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী।

(বাইট- শুভেন্দু)

অন্যদিকে, এই ঘটনার জন্য শিক্ষা মন্ত্রীর পদত্যাগ দাবী করেন প্রাক্তন প্রদেশ কংগ্রেস সভাপতি অধীর রঞ্জন চৌধুরী।

(বাইট- অধীর)

অন্যদিকে, তৃণমূল কংগ্রেসের মুখপাত্র দেবাংশু ভট্টাচার্য একটি ভিডিও শেয়ার করে ইন্দ্রানুজের দুর্ঘটনা শিক্ষা মন্ত্রীর গাড়িতে হয়নি বলে দাবী করেন। এর পাল্টা হিসেবে SFI'ও ঐদিনের একটি ভিডিও প্রকাশ করে।

বাম নেতা সৃজন ভট্টাচার্য এক সাংবাদিক বৈঠকে, শিক্ষা মন্ত্রী যেখানে এই ঘটনা স্বীকার করে নিয়েছেন, সেখানে এধরনের ভিডিও পোস্ট করার যৌক্তিকতা নিয়ে প্রশ্ন তোলেন।

(বাইট- সৃজন)

এদিকে, রাজ্যের শিক্ষাকে বাঁচাতে অবিলম্বে ছাত্র-শিক্ষকের সঙ্গে রাজ্য সরকারকে আলোচনায় বসার অনুরোধ করেছে জুটা। এছাড়া, উচ্চশিক্ষাকে বাঁচানো অসম্ভব বলে সংগঠনের সাধারণ সম্পাদক অধ্যাপক পার্থপ্রতীম বিশ্বাস মন্তব্য করেন।

SUCI (communist)-এর রাজ্য সম্পাদক চন্ডীদাস ভট্টাচার্য গতকাল এক বিবৃতিতে বলেন, শিক্ষা মন্ত্রীর ছাত্রদের উপর গাড়ি চালিয়ে দেওয়ার মতো জঘন্য ঘটনার পর শাসকদলের এই ঔদ্ধত্যপূর্ণ আচরণকে নিন্দা জানানোর কোনও উপযুক্ত ভাষা নেই।

অধ্যাপকদের সংগঠন আবুটা-র যাদবপুর বিশ্ববিদ্যালয় লোকাল চ্যাপ্টারের আহ্বায়ক অধ্যাপক দেবব্রত বেরা গতকাল এক বিবৃতিতে বলেন, উপাচার্য এবং সহ উপাচার্য চরম উদ্বেগজনক পরিস্থিতিতেও বিশ্ববিদ্যালয়ে অনুপস্থিত থাকলেন। ক্যাম্পাসের মধ্যে বহু ছাত্র, শিক্ষক, শিক্ষকর্মী নিরাপত্তার অভাবে আতঙ্কিত বোধ করেছেন। এমন পরিস্থিতি চলতে থাকলে তিনি সরকারের কাছে বিশ্ববিদ্যালয় বন্ধ করে দেওয়ার সুপারিশ করবেন বলে উপাচার্য সম্প্রতি যে মন্তব্য করেছেন তার সমালোচনা করেন তিনি।

যাদবপুর বিশ্ববিদ্যালয়ে গত শনিবারের ঘটনার প্রেক্ষিতে SFI-এর ডাকা ছাত্র ধর্মঘাটে কর্মী সমর্থকদের ওপর পুলিশ এবং তৃণমূলের যৌথ বাহিনীর হামলার প্রতিবাদে দল আজ রাজ্য জুড়ে বিক্ষোভ কর্মসূচির ডাক দিয়েছে।

যাদবপুর বিশ্ববিদ্যালয়ের অশান্তির ঘটনা নিয়ে কলকাতা হাইকোর্টের প্রধান বিচারপতি টিএস শিবজ্ঞানম এবং বিচারপতি চৈতালি চট্টোপাধ্যায়ের বেঞ্চে বেশ কিছু বিষয়ের উল্লেখ করে মামলা করার জন্য গতকাল দৃষ্টি আকর্ষণ করেন কয়েক জন। শুধু প্রধান বিচারপতির বেঞ্চে নয়, বিচারপতি তীর্থঙ্কর ঘোষের বেঞ্চেও যাদবপুরের ঘটনা নিয়ে মামলা করার আবেদন জানানো হয়। প্রাথমিকভাবে প্রধান বিচারপতি মামলাকারীদের আবেদন শুনে বিশ্ববিদ্যালয়ের প্রশাসকের কাছে যাওয়ার কথা বলেছিলেন। প্রধান বিচারপতি জানান, তিনি বিশ্ববিদ্যালয়ের প্রশাসক নন। তবে পরে মামলাকারীর আইনজীবীর বক্তব্য শুনে মামলা করার অনুমতি দেন তিনি। নিরাপত্তা সংক্রান্ত বিষয় ছাড়াও যাদবপুরে ছাত্র সংসদ নির্বাচনের বিষয়টিও প্রধান বিচারপতির দৃষ্টি আকর্ষণ করা হয়।

অন্যদিকে, যাদবপুরের গন্ডগোলে পুলিশের ভূমিকা নিয়ে প্রশ্ন তুলে হাই কোর্টে মামলা দায়ের হয়। মামলাকারীদের অভিযোগ, যাদবপুরের ঘটনায় পুলিশ দু'রকম ভূমিকা

নিয়েছে। কখনও তারা ‘অতি সক্রিয়’, আবার কখনও ‘নিষ্ক্রিয়তা’ও দেখিয়েছে।
বিচারপতি ঘোষের বেঞ্চে আজ সেই মামলার শুনানির সম্ভাবনা রয়েছে।

ট্যাংরা কাণ্ডে পুলিশ গত সন্ধ্যায় দে পরিবারের ছোট ছেলে প্রসূন-কে গ্রেফতার করেছে। তাকে গতকাল নীলরতন সরকার হাসপাতাল থেকে ছেড়ে দেওয়া হলে, পুলিশ ট্যাংরা থানায় নিয়ে যায়। সেখানে জেরার সময় প্রসূন স্বীকার করে যে পরিবারের তিন সদস্য – স্ত্রী রোমী, বৌদি সুদেষ্ণা ও নাবালিকা কন্যার খুনের ঘটনায় সে প্রত্যক্ষভাবে জড়িত ছিল। ব্যাবসার মন্দার জন্যেই তারা এই পথ বেছে নেয় বলেও প্রসূন জানিয়েছে।

উল্লেখ্য, প্রসূনের দাদা প্রণয় দে এবং তাঁর নাবালক ছেলে এখনো নীলরতন সরকার হাসপাতালে ভর্তি।

ISL ফুটবলের ম্যাচে আগামীকাল মহামেডান স্পোর্টিং, এফসি গোয়ার বিরুদ্ধে খেলবে। গোয়ার ফতোরদা স্টেডিয়ামে খেলা শুরু হবে সন্ধ্যা সাড়ে সাতটায়। দুই দলই ২২ টি করে ম্যাচ খেলেছে। গোয়া ৪৫ পয়েন্ট সংগ্রহ করে লিগতালিকার দ্বিতীয় স্থানে, মহামেডান ১২ পয়েন্ট সংগ্রহ করে ১৩ দলের লিগে সবশেষে রয়েছে।
